

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯০.১৯ / ৩১০৬/৬

তারিখ: ২৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
৭/০৪/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: গাইবান্ধা জেলার গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা প্রদান।

সূত্র: রিট পিটিশন নং-১২০২৯/২০১৬ এবং কনটেম্পট পিটিশন নং-৩৩৩/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ জনাব মোজাহিদ হোসেন তার বেতন ভাতা স্থগিত করণের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২০২৯/১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ রুল Absolute করে রায় প্রদান করেন। রায়ে পিটিশনারকে তার পদে পুনর্বহালকরণসহ বেতন ভাতা ছাড়করণে নির্দেশ দেয়া হয়। উক্ত রায়ের বিরুদ্ধে আপিল নং-২০৯১/২০১৭ দায়ের করা হয় এবং উক্ত আপিল খারিজ হয়। কোর্টের রায়ের পর পিটিশনারকে তার পদে পুনর্বহাল করা হয় এবং বেতন ভাতা ছাড় করা হয়। পিটিশনার তার বকেয়া বেতন ভাতা না পাওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৩৩/২০১৮ দায়ের করেন। উক্ত কনটেম্পট পিটিশনে সচিব (গং) কে বিবাদী করে রুল জারি করা হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশে বকেয়া বেতন ভাতা প্রদানের কোন নির্দেশনা না থাকায় বকেয়া বেতন ভাতা প্রদানের সুযোগ নাই।

এমতাবস্থায়, বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd



জনাব মোজাহিদ হোসেন
অধ্যক্ষ
গাইবান্ধা আদর্শ কলেজ
সদর, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, গাইবান্ধা আদর্শ কলেজ, সদর, গাইবান্ধা।
- ২। উপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। আইন কর্মকর্তা, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, গাইবান্ধা।
- ৬। সংরক্ষণ নথি।